

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, আগস্ট ১১, ২০১৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

প্রশাসন শাখা

প্রজ্ঞাপন

তারিখ : ২৭ জ্যৈষ্ঠ ১৪২১/১০ জুন ২০১৪

নং ৪০.০০.০০০০.০১১.০৪০.০০৩.২০১৪.৬৬২—জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২৭-০১-২০১১ তারিখের ০৫.১৭০.০২২.২৪.০০.০৫০.২০১০-৪৫ নম্বর সংখ্যক পত্রের নির্দেশনামতে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়/বিভাগের ক্ষেত্রে দশম, একাদশ, দ্বাদশ গ্রেডভুক্ত স্বীকৃত ২য় শ্রেণীর গেজেটেড কর্মকর্তাদের পদোন্নতি/উচ্চতর টাইমস্কেল/সিলেকশন গ্রেড প্রদান বিষয়ক কমিটি নিম্নোক্তভাবে গঠন করা হলো :

(১)	যুগ্মসচিব (প্রশাসন ও উন্নয়ন), শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।	সভাপতি
(২)	উপসচিব পর্যায়ের একজন প্রতিনিধি, জনপ্রশাসন মন্ত্রণালয়, ঢাকা।	সদস্য
(৩)	উপসচিব পর্যায়ের একজন প্রতিনিধি, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, ঢাকা।	সদস্য
(৪)	উপসচিব (প্রশাসন), শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।	সদস্য-সচিব

২। কমিটির কার্যপরিধি নিম্নরূপ :

(ক) এই কমিটি মন্ত্রণালয়/বিভাগের ক্ষেত্রে দশম, একাদশ, দ্বাদশ গ্রেডভুক্ত স্বীকৃত ২য় শ্রেণীর গেজেটেড কর্মকর্তাদের পদোন্নতি/উচ্চতর টাইমস্কেল/সিলেকশন গ্রেড মঞ্জুরী ক্ষেত্রে বিবেচনাপূর্বক সুপারিশ প্রদান করবে।

(খ) বাংলাদেশ কর্ম কমিশন (পরামর্শকরণ) প্রবিধিমালা, ১৯৭৯ এর ৮নং বিধি মোতাবেক একই শ্রেণীতে পদোন্নতির ক্ষেত্রে কর্ম কমিশনের পরামর্শ নিষ্পত্তয়োজন বিধায় দ্বিতীয় শ্রেণীভুক্ত এক পদ হইতে অপর পদে পদোন্নতির বিষয় আলোচ্য কমিটির আওতাভুক্ত থাকিবে।

৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে ইহা জারী করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

শাহীন আখতার

সিনিয়র সহকারী সচিব (প্রশাসন)।

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

আবদুর রশিদ (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। www.bgpress.gov.bd

(১৬৭৮৫)

মূল্য : টাকা ৪.০০